# U.G. 4th Semester Examination - 2021

## BENGALI

**Course Code : BBNGCCRT401**

**Course Title : ভাষাতত্ত্ব**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ভারতবর্ষে পৃথিবীর কোন্ কোন্ ভাষাবংশের উপস্থিতি লক্ষিত হয়?

খ) 'ঠাকুর' শব্দটি কোন্ ভাষা থেকে এসেছে?

গ) শব্দার্থ পরিবর্তন এর দুটি কারণ উল্লেখ করো।

ঘ) স্বরসঙ্গতি বলতে কি বোঝায়?

ঙ) মৌলিক স্বরধ্বনি কাকে বলে?

চ) 'কহি' থেকে 'কই' উচ্চারণ ধ্বনিপরিবর্তনের কোন্ নিয়মে ঘটে?

ছ) সমাক্ষরলোপ এর দুটি উদাহরণ দাও।

জ) 'জোড়কলম' শব্দের সংজ্ঞা দাও।

ঝ) 'আনারস' কোন্ ভাষার শব্দ?

*[পরের পাতায়]*

ঞ) অর্ধতৎসম শব্দের সংজ্ঞা দাও।

ট) কামরূপী উপভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

ঠ) বিভাজ্য ধ্বনি কি?

ড) যৌগিক কাল কাকে বলে?

ঢ) দুটি নব্যভারতীয় আর্যভাষার নাম উল্লেখ করো।

ণ) প্রাচীন যুগের বাংলা ভাষার দুটি নিদর্শন দাও।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) দ্বিমাত্রিকতা বলতে কি বোঝায়?

খ) আদি-মধ্য বাংলার দুটি বৈশিষ্ট্য লেখো।

গ) শ্বাসাঘাত কয় প্রকার ও কি কি?

ঘ) সমাপিকা ক্রিয়া কাকে বলে উদাহরণসহ লেখো।

ঙ) IPA-তে লিপ্যন্তর করো : রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

চ) সংজ্ঞা দাও : লোকনিরুক্তি।

ছ) দুটি জার্মানি ও দুটি তদ্ভব শব্দের উদাহরণ দাও।

জ) বর্ণবিপর্যাস কী? উদাহরণ দিয়ে বোঝাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) সমীভবন কি? কত প্রকার? প্রকারগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।

খ) উচ্চারণ স্থান অনুযায়ী ব্যঞ্জন ধ্বনিগুলির সংক্ষিপ্ত শ্রেণিবিন্যাস করো।

গ) শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারাগুলি সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) রেখাচিত্র ও কালসীমা সহ বাংলা ভাষার জন্ম-উৎসগত বিবর্তন দেখাও।

খ) বাগ্‌যন্ত্রের গঠন ও কার্যপ্রণালী চিত্রসহ লিপিবদ্ধ করো।

গ) উপভাষার সংজ্ঞা দিয়ে ঝাড়খণ্ডী উপভাষার রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো লিপিবদ্ধ করো।

————